গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................. ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ....................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ................................................................................... ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................................... ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................. ২১

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন,চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

মুক্তিযুদ্ধের চেতনা ও মর্যাদা সমুন্নত রেখে জাতির শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধাদের প্রাপ্য সম্মান ও কল্যাণ সাধনসহ মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণে এ মন্ত্রণালয়গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে।মুক্তিযোদ্ধা রাষ্ট্রীয় সম্মানী ভাতাভোগীর সংখ্যা গত ৩বৎসরে একলক্ষ থেকে দুইলক্ষ জনে উন্নীত করে মাসিক ভাতার হার ৩০০০.০০ টাকা থেকে ১০,০০০.০০ টাকায় উন্নীত করা হয়েছে। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ভাতা সর্বোচ্চ ৩০,০০০/- টাকা ও ন্যূনতম ৯,৭০০/- টাকা নির্ধারন করা হয়েছে। শহীদ ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের রাষ্ট্রীয় সম্মানী ভাতার পরিমান বৃদ্ধি করে ১৫,০০০/- টাকা করা হয়েছে । যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের ২১৭২৯ জন সদস্যদের রেশন সুবিধা ও ৩৬১ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা বাবদ ৫,৫৭,৫১,১৩৮/- টাকা প্রদান করা হয়েছে। মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের জন্য বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি চালু করা হয়েছে এবংবঙ্গবন্ধু ছাত্রবৃত্তির সংখ্যা ৫৯৮ হতে ১৬৯৫ জনে উন্নীত করা হয়েছে । মুক্তিযুদ্ধে অবিস্মরণীয় অবদানের জন্য গত ৩ বৎসরে ৩৩৮জন বিদেশী ব্যাক্তি ও সংগঠনকে "বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা" ও "বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্মাননা" প্রদান করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের কল্যাণে জেলা ও উপজেলায় মোট ২০৪টি কমপ্লেক্স ভবন নির্মাণসহ ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য সারাদেশে ১৭০০টি বাসস্থান নির্মাণ করা হয়েছে এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে ঢাকায় বহুতল বিশিষ্ট ১টি বাণিজ্যিক-কাম-আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণসহ ভূ-গর্ভস্থ স্বাধীনতা জাদুঘর নির্মাণ করা হয়েছে।মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃক ৭৯৫১টি মুক্তিযুদ্ধের স্মারক ও ৬,৮৪৯টি মৌখিক ভাষ্য সংগ্রহ করা হয়েছে। তদুপরি ১১৮৫১ টি ডকুমেন্ট ডিজিটাইজেশনসহ ৫টি গ্রন্থও ৮টি প্রামান্যচিত্র তৈরী করা হয়েছে। ঢাকার আগারগাঁও-এ পূর্ণাঙ্গ মুক্তিযুদ্ধ জাদুঘরের স্থায়ী ভবন নির্মাণ করা হয়েছে। মহান মুক্তিযুদ্ধে নারীদের অবদানের স্বীকৃতি সরূপ ৯০ জন নারীর নাম প্রকৃত মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) হিসাবে গেজেট প্রকাশ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

মুক্তিযোদ্ধাদের সঠিক ও নির্ভুল তালিকা প্রণয়ন, মামলা সংক্রান্ত জটিলতা এবং মহানগর, জেলা ও উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি গঠনে প্রতিবন্ধকতা।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা বৃদ্ধি, মুক্তিবার্তা, বামুস সনদ ও ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত সকল মুক্তিযোদ্ধাদের নাম পর্যায়ক্রমে গেজেটে প্রকাশ।পর্যায়ক্রমে সকল মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদানসহ সকল অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আবাসনের নিমিত্ত সারাদেশে ১০ হাজার ফ্ল্যাট নির্মাণ ও শেয়ারিংপদ্ধতিতে শিক্ষা প্রতিষ্ঠানসহ বাণিজ্যিক/আবাসিকভবন নির্মাণ। মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থান সংরক্ষণ, ঢাকায় মুক্তিযোদ্ধা পল্লী নির্মাণএবং ১৯৭১ সালে পাকিস্তানী হানাদার বাহিনী কর্তৃক সৃষ্ট বধ্যভূমিসমূহ সংরক্ষণ ও স্মৃতিস্তম্ভ নির্মাণ।

**২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ**

- ১.৮০ লক্ষ জন মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানীভাতা প্রদান;
- ৬৯৫০ জন যুদ্ধাহত ও খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা প্রদান ;
- ৩৫০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান;
- ২২,০০০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান;
- ২৩৫০ জন মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মকে উচ্চ শিক্ষার জন্য বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান;
- ১২০০জন মুক্তিযোদ্ধাদের নাম গেজেটে প্রকাশ এবং ৩৬০টি সাময়িক সনদপত্র ও ২৪০০ টি প্রত্যয়ন প্রদান এবং
- ৫০ জন নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনাদের) সনাক্তক্রমে তাঁদের নাম গেজেটে প্রকাশন।

# উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে সমুন্নত রেখে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

মুক্তিযোদ্ধাদের অধিকার সংক্রান্ত বিধিমালা যথোপোযুক্ত কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের মাধ্যমে তাঁদের সার্বিক কল্যাণ সাধন এবং মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের মাধ্যমে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণমূলক কার্যক্রম জোরদারকরণ ;
২. মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ নিশ্চিতকরণ এবং
৩. বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনারজাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন,গেজেট প্রকাশ ও ঘোষিত তালিকা সংরক্ষণ করা;
২. মুক্তিযোদ্ধাদের অধিকার ও বিভিন্ন সুযোগ-সুবিধা সংক্রান্ত বিধিমালা ও নীতিমালা প্রণয়ন করা;
৩. মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান করা;
৪. স্বাধীনতাযুদ্ধের ইতিহাস সংরক্ষণের জন্য নীতি প্রণয়ন ও যুদ্ধের দলিলাদি সংরক্ষণ করা;
৫. মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের নিকট তুলে ধরা;
৬. মুক্তিযোদ্ধাদের কল্যাণে বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
৭. সরকারি ,স্বায়ত্বশাসিত এবং আধা-স্বায়ত্বশাসিত সংস্থায় মুক্তিযোদ্ধা তাঁদের সন্তান-সন্ততিদের চাকুরির কোটা সংরক্ষণ মনিটরিং করা;
৮. স্বাধীনতাযুদ্ধের স্মৃতিস্তম্ভ নির্মাণ,মুক্তিযুদ্ধের বধ্যভূমি/গণকবর,সন্মুখ সমরের স্থানসমূহ সংরক্ষণ ও রক্ষণাবেক্ষনের জন্য প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা এবং
৯. যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মুজিবনগর দিবস পালন করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থা উন্নীত। (দারিদ্র্য নিরসনের উপর প্রভাব) | ১।মুক্তিযোদ্ধা পরিবারের দারিদ্র হ্রাসকরণ | % | ০০ | টিবিডি | টিবিডি | টিবিডি | টিবিডি | মুবিম, সকম, বামুকট্রা, জামুকা, মুজাঘ, বিআরডিবি, জেপ্র ও উপজেপ্র | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| | ২।ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের আবাসন নিশ্চিতকরণ। | % | ০০ | টিবিডি | টিবিডি | টিবিডি | টিবিডি | মুবিম,পিডব্লিউডি,এলজিইডি,জেপ্র ও উপজেপ্র | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণমূলক কার্যক্রম জোরদারকরণ ; | ৪২ | [১.১] মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানী ভাতা প্রদান | [১.১.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | জন (লক্ষ) | ৫.০০ | ১.৮০ | ১.৮০ | ১.৮০ | ১.৭৬ | ১.৭৪ | ১.৭২ | ১.৭০ | ১.৯০ | ২.০০ |
| | | [১.২] যুদ্ধাহত,খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান। | [১.২.১] সুবিধাপ্রাপ্ত যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা | জন | ৩.০০ | ৭০৫৩ | ৬৯৮৯ | ৬৯৫০ | ৬৮৫০ | ৬৭৫০ | ০০ | ০০ | ৬৯০০ | ৬৮৫০ |
| | | [১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | [১.৩.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | জন | ২.০০ | ২১৪৫৫ | ২২৩৪৫ | ২২০০০ | ২১০০০ | ২০৫০০ | ০০ | ০০ | ২১০০০ | ২০৮০০ |
| | | [১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | [১.৪.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | জন | ২.০০ | ২০৭ | ৩৬২ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ০০ | ০০ | ৩৫০ | ৩৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] মুক্তিযোদ্ধা ও তঁদের সন্তান-সন্ততিদের ক্ষুদ্রঋণ প্রদান। | [১.৫.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | জন | ২.০০ | ২৪৪৮ | ২৩০০ | ২১০০ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ১৮৫০ | ২১৫০ | ২২০০ |
| | | [১.৬] ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ। | [১.৬.১] নির্মিত বাসস্থান | সংখ্যা | ৩.০০ | ৮০০ | ৯১৫ | ৯৫০ | ৯৪০ | ৯৩০ | ৯২০ | ৯০০ | ০০ | ০০ |
| | | [১.৭] মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ। | [১.৭.১] নির্মিত উপজেলা কমপ্লেক্স ভবন | সংখ্যা | ২.০০ | ৫১ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ২০৫ | ০০ |
| | | | [১.৭.২] নির্মিত জেলা কমপ্লেক্স ভবন | সংখ্যা | ১.০০ | ২৫ | ১৯ | ০৫ | ০৪ | ০৩ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [১.৮] মুক্তিযোদ্ধাদের নাম গেজেটে অর্ন্তভুক্তিসহ সংশোধিত গেজেট প্রকাশ | [১.৮.১] প্রকাশিত মুক্তিযোদ্ধা গেজেট | সংখ্যা | ৩.০০ | ৫৭০ | ১০৮৯ | ১২০০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ৯৭৫ | ১৩০০ | ১৪০০ |
| | | [১.৯] বীরাঙ্গানাদের সনাক্তকরন ও গেজেট প্রকাশ | [১.৯.১] সনাক্তকৃত ও প্রকাশিত নারী মুক্তিযোদ্ধা গেজেট | সংখ্যা | ২.০০ | ০০ | ৯০ | ৭৫ | ৭০ | ৬৭ | ০০ | ০০ | ৫০ | ৪০ |
| | | [১.১০] মুক্তিযোদ্ধাদের প্রত্যয়ন সংক্রান্ত ও সাময়িক সনদের আবেদন নিস্পত্তিকরণ | [১.১০.১] প্রত্যয়ন সংক্রান্ত আবেদন নিস্পত্তি | সংখ্যা | ৩.০০ | ২১৫৭ | ২৯১৫ | ২৩০০ | ২২৫০ | ২২২০ | ২২০০ | ০০ | ২৫০০ | ২৬০০ |
| | | | [১.১০.২] সাময়িক সনদ প্রদানের আবেদন নিস্পত্তি | সংখ্যা | ৩.০০ | ২৪৮৭ | ৫৬৪ | ১৫০০ | ১২০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১৬০০ | ১৭০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.১০] মুক্তিযোদ্ধাদের প্রত্যয়ন সংক্রান্ত ও সাময়িক সনদের আবেদন নিস্পত্তিকরণ | [১.১০.৩] চূড়ান্ত প্রস্তুতকৃত সাময়িক সনদপত্র | সংখ্যা | ২.০০ | ০০ | ০০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২০০ | ১৫০ | ৪০০ | ৫০০ |
| | | [১.১১] বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান | [১.১১.১] বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ৯৮১ | ১৭১৭ | ২৩৫০ | ২২৫০ | ২২০০ | ২১০০ | ২০০০ | ২৯৫০ | ২৯৫০ |
| | | [১.১২] যুদ্ধাহত এবং খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের স্মার্ট আইডি কার্ড প্রদান | [১.১২.১] প্রদানকৃত আইডি কার্ড | সংখ্যা | ২.০০ | ১৩৭ | ২২৮ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২৫০ | ২৫০ |
| | | [১.১৩] ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত মুক্তিযোদ্ধাদের নাম ডিজিটাইজেশনসহ এপ্লিকেশন সফ্টওয়ার তৈরীকরণ; | [১.১৩.১] ডিজিটাইজেশনকৃত মুক্তিযোদ্ধা | সংখ্যা | ৩.০০ | ০০ | ০০ | ৫০০০০ | ৪০০০০ | ৩০০০০ | ২৫০০০ | ২০০০০ | ০০ | ০০ |
| | | [১.১৩] ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত মুক্তিযোদ্ধাদের নাম ডিজিটাইজেশনসহ এপ্লিকেশন সফ্টওয়ার তৈরীকরণ; | [১.১৩.২] তৈরীকৃত এপ্লিকেশন সফ্টওয়ার | তারিখ | ১.০০ | ০০ | ০০ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | ২৮-০২-২০১৭ | ০০ | ০০ | ০০ | ০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ নিশ্চিতকরণ এবং | ২০ | [২.১] মুক্তিযুদ্ধের স্মৃতি / স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.১.১] জাদুঘর দর্শনার্থী | সংখ্যা | ৯.০০ | ২৬৪০৪ | ৩৪৩৩০ | ২৯০০০ | ২৮৫০০ | ২৮০০০ | ২৭৫০০ | ২৭০০০ | ৩০০০০ | ৩২০০০ |
| | | | [২.১.২] নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | সংখ্যা | ৪.০০ | ০৩ | ০৩ | ০৩ | ০২ | ০১ | ০০ | ০০ | ০৪ | ০৪ |
| | | [২.২] মুক্তিযুদ্ধের স্মৃতি চিহ্ন প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.২.১] মিরপুর জল্লাদখানা বধ্যভূমি দর্শনার্থী | সংখ্যা | ৭.০০ | ২০০০০ | ৪৯০৭২ | ৫২০০০ | ৫১০০০ | ৫০০০০ | ৪৯৫০০ | ৪৯০০০ | ৫৩০০০ | ৫৫০০০ |
| [৩] বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনারজাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণ। | ১৮ | [৩.১] নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের নিকট মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামান্যচিত্র প্রদর্শনী ও নির্মাণ। | [৩.১.১] প্রামান্যচিত্র দর্শক | সংখ্যা(লক্ষ) | ৩.০০ | ১.২০ | ১.২৪ | ১.২৫ | ১.২৩ | ১.২২ | ১.২১ | ১.৩০ | ১.৩৫ | ১৩০০০০ |
| | | | [৩.১.২] ভ্রাম্যমান জাদুঘর দর্শক | সংখ্যা(লক্ষ) | ৩.০০ | ১.২০ | ১.২৪ | ১.২৫ | ১.২৩ | ১.২২ | ১.২১ | ১.৩০ | ১.৩৫ | ১৩০০০০ |
| | | [৩.২] নতুন প্রজন্মের জন্য মুক্তির উৎসবের আয়োজন | [৩.২.১] অংশগ্রহণকারী শিক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ৮০০০ | ১০০০০ | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ৮৫০০ | ৮০০০ | ১০৫০০ | ১১০০০ |
| | | [৩.৩] জেলা ও বিভাগীয় শিক্ষক সম্মেলন আয়োজন | [৩.৩.১] অংশগ্রহণকারী শিক্ষক | সংখ্যা | ৩.০০ | ১৬০ | ২৭৬ | ২৮০ | ২৭৫ | ২৭০ | ০০ | ০০ | ২৮৫ | ২৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [৩.৪] জাতীয় ও আর্ন্তজাতিক সেমিনার/ ওয়ার্কসপআয়োজন | [৩.৪.১] অংশগ্রহণকারী | সংখ্যা | ২.০০ | ৮০ | ১০৮ | ১১০ | ১০০ | ৯০ | ৮৫ | ০০ | ১০০ | ১০০ |
| | | [৩.৫] মুক্তিযুদ্ধভিত্তিক সংগঠনসমূহের নিবন্ধন ও পরিবীক্ষণ এবং পরিদর্শন। | [৩.৫.১] নিবন্ধিত ও পরিবীক্ষিত সংগঠন | সংখ্যা | ২.০০ | ০০ | ২১ | ২৫ | ২৩ | ২১ | ২০ | ১৮ | ৩০ | ৩০ |
| | | | [৩.৫.২] পরিদর্শিত নিবন্ধিত সমিতি | সংখ্যা | ২.০০ | ০০ | ২৩ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২৩ | ৫০ | ৫৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | ০৪.০৮.২০১৬<br>........................................ |
| সচিব<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | তারিখ |
| ........................................ | ০৪.০৮.২০১৬<br>........................................ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | মুবিম | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ২ | সকম | সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| ৩ | জামুকা | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল |
| ৪ | বামুকট্রা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| ৫ | মুজাঘ | মুক্তিযুদ্ধ জাদুঘর |
| ৬ | জেপ্র | জেলা প্রশাসন |
| ৭ | উজেপ্র | উপজেলা প্রশাসন |
| ৮ | বামুস | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ |
| ৯ | এলজিইডি | লোকাল গভর্ণমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট (স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ) |
| ১০ | পিডব্লিউডি | পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট (গণপূর্ত বিভাগ) |
| ১১ | টিবিডি | টু বি ডেভলপ |
| ১২ | ডিপিপি | ডেভলপমেন্ট প্রজেক্ট প্রোফরমা/ প্রপজাল |
| ১৩ | এমটিবিএফ | মিড টার্ম বাজেটারী ফ্রেমওয়ার্ক ( মধ্যমেয়াদি বাজেট কাঠামো) |
| ১৪ | বিআরডিবি | বাংলাদেশ রুরাল ডেভলপমেন্ট বোর্ড (বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানী ভাতা প্রদান | [১.১.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | মুক্তিযোদ্ধা রাষ্ট্রীয় সম্মানীভাতা ভোগীর সংখ্যা এক লক্ষ হতে দুই লক্ষ জনে উন্নীত করা হয়েছে এবং জনপ্রতি মাসিক ৮০০০/- টাকা হারে মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। ২০১৬-১৭ অর্থ বৎসরে সম্মানীভাতার হার ১০০০০/-টাকায় উন্নীত করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন | জেলা ও উপজেলা প্রশাসন হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] যুদ্ধাহত,খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান। | [১.২.১] সুবিধাপ্রাপ্ত যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা | শারীরিক অসামর্থ্য অনুযায়ী ০৪ (চার) টি ক্যাটাগরিতে ৬৮৬০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ ৩০,০০০/- টাকা ও ন্যূনতম ৯,৭০০/-- টাকা হারে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। এছাড়া শহীদ ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের রাষ্ট্রীয় সম্মানী ভাতার পরিমাণ বৃদ্ধি করে ১৫,০০০/- টাকা করা হয়েছে। ৬৭৬ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে "খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা প্রদান নীতিমালা,২০১৩" অনুসারে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | [১.৩.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের নামে রেশন কার্ড ইস্যু করে থাকে। এ কার্ড প্রদর্নশন করে প্রতিমাসে দেশের সকল পুলিশ লাইন থেকে কার্ডধারী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যগন রেশন সামগ্রী গ্রহণ করে থাকে। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের মধ্যে ২২,৩২৮ জনকে রেশন সুবিধা প্রদান করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে । | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | [১.৪.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে ২০৭ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে দেশে-বিদেশে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ৩৬১ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.৫] মুক্তিযোদ্ধা ও তঁদের সন্তান-সন্ততিদের ক্ষুদ্রঋণ প্রদান। | [১.৫.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | মুক্তিযোদ্ধা ও তাদের সন্তান-সন্ততিদের আত্ম-কর্মসংস্থানের উদ্দেশ্যে ৩৭.৫০ কোটি টাকার ঘূর্ণায়মান তহবিল থেকে বিগত ৩ বৎসরে ৭৫,০০০ জন মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ শেষে ৩০,০০০ জনকে ঋণ প্রদান করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ২১০০ জনকে প্রশিক্ষণ শেষে ঋণ প্রদান করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড । | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| [১.৬] ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ। | [১.৬.১] নির্মিত বাসস্থান | ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধার জন্য তাঁদের নিজস্ব জমিতে এক ইউনিট বিশিষ্ট ১৭০০ টি আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে । ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ৯৫০টি বাসস্থান নির্মাণ করার লক্ষমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | প্রকল্প পরিচালকের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ। | [১.৭.১] নির্মিত উপজেলা কমপ্লেক্স ভবন | মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য গত ৩ বৎসরে ১৬১ টি উপজেলা কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ১০০টি উপজেলা কমপ্লেক্স নির্মাণ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | প্রকল্প পরিচালকের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| | [১.৭.২] নির্মিত জেলা কমপ্লেক্স ভবন | মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য জেলায় গত ৩ বৎসরে ৫৫ টি জেলা কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ০৯ টি জেলা কমপ্লেক্স নির্মাণ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | প্রকল্প পরিচালকের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| [১.৮] মুক্তিযোদ্ধাদের নাম গেজেটে অর্ন্তভুক্তিসহ সংশোধিত গেজেট প্রকাশ | [১.৮.১] প্রকাশিত মুক্তিযোদ্ধা গেজেট | মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগ/যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইক্রমে /জামুকার সুপারিশের আলোকে প্রকৃত মুক্তিযোদ্ধাদের গত ৩ বৎসরে ৫১২০টি গেজেট প্রকাশ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ১০০০ টি গেজেট প্রকাশ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | এ মন্ত্রণালয়ের গেজেট শাখার প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| [১.৯] বীরাঙ্গানাদের সনাক্তকরন ও গেজেট প্রকাশ | [১.৯.১] সনাক্তকৃত ও প্রকাশিত নারী মুক্তিযোদ্ধা গেজেট | বীরাঙ্গানা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগ/যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইক্রমে জামুকার সুপারিশের আলোকে গত বৎসরে ৬৭ জন নারী মুক্তিযোদ্ধার (বীরাঙ্গনার) গেজেট প্রকাশ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ৫০ টি গেজেট প্রকাশ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | এ মন্ত্রণালয়ের গেজেট শাখার প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| [১.১০] মুক্তিযোদ্ধাদের প্রত্যয়ন সংক্রান্ত ও সাময়িক সনদের আবেদন নিস্পত্তিকরণ | [১.১০.১] প্রত্যয়ন সংক্রান্ত আবেদন নিস্পত্তি | মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে এবং বিভিন্ন সরকারী-বেসরকারী ও শিক্ষাপ্রতিষ্ঠানের চাহিদার পরিপ্রেক্ষিতে যাচাই-বাছাইক্রমে তালিকায় ঘোষিত / বিভিন্ন প্রমানক অনুয়ায়ী মুক্তিযোদ্ধাদের ২৭৯০ টি প্রত্যয়নের আবেদনপত্র / চিঠি নিস্পত্তি করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ২৩০০টি আবেদনপত্র / চিঠি নিস্পত্তি করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | এ মন্ত্রণালয়ের প্রত্যয়ন শাখার প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| | [১.১০.২] সাময়িক সনদ প্রদানের আবেদন নিস্পত্তি | গত ৩ বৎসরে মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাছাইক্রমে তালিকায় ঘোষিত / বিভিন্ন প্রমানক অনুয়ায়ী মুক্তিযোদ্ধাদের ১২৭৯৭ টি সনদের আবেদনপত্র নিস্পত্তিসহ ৯৯০৬টি সনদপত্র ইস্যু করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | এ মন্ত্রণালয়ের সনদ শাখার প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| | [১.১০.৩] চুড়ান্ত প্রস্তুতকৃত সাময়িক সনদপত্র | মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাছাইক্রমে গত ৩ বৎসরে ১৩৬৬৩ টি সাময়িক সনদপত্র ইস্যূ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ৩০০ টি সাময়িক সনদপত্র ইস্যূ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | এ মন্ত্রণালয়ের সনদ শাখার প্রতিবেদন সংকলনের মাধ্যমে পরিমাপকৃত। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১১] বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান | [১.১১.১] বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিজস্ব অর্থায়নে মুক্তিযোদ্ধাদের সন্তান/প্রজন্মের উচ্চশিক্ষায় আর্থিক সহায়তা প্রদানের জন্য মেধাভিত্তিতে ১৬২৮ জন শিক্ষার্থী " বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি" প্রদান করা হয়েছে। এছাড়া প্রতিবৎসর শিক্ষার্থীর সংখ্যা ৬৫০ জন হারে বৃদ্ধি করা হচ্ছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে । | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| [১.১২] যুদ্ধাহত এবং খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের স্মার্ট আইডি কার্ড প্রদান | [১.১২.১] প্রদানকৃত আইডি কার্ড | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদান সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে স্মার্ট কার্ড প্রস্তুত করে তা যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে বিতরণ করে থাকে। গত তিন বৎসরে ৯৪৭ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে স্মার্ট কার্ড বিতরণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে । | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [১.১৩] ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত মুক্তিযোদ্ধাদের নাম ডিজিটাইজেশনসহ এপ্লিকেশন সফ্টওয়ার তৈরীকরণ; | [১.১৩.১] ডিজিটাইজেশনকৃত মুক্তিযোদ্ধা | মুক্তিযোদ্ধাদের প্রত্যাশিত সেবা সহজীকরণের লক্ষ্যে ভারতীয় তালিকার ভিত্তিতে রেজিষ্টার অনুযায়ী ২০১৬-১৭ অর্থবৎসরে ৫০ হাজার জন মুক্তিযোদ্ধার নাম ডিজিটাজাইজেশান সম্পন্ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ভারতীয় তালিকার ভিত্তিতে রেজিষ্টার অনুযায়ী ৫০ হাজার জন মুক্তিযোদ্ধার নাম ডাটা এন্ট্রিভুক্তকরণের মাধ্যমে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতবেদন। |
| | [১.১৩.২] তৈরীকৃত এপ্লিকেশন সফ্টওয়ার | অনলাইনে সেবা সহজীকরণের নিমিত্ত ডিজিটাইজেশানকৃত বামুস ও ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত-মুক্তিযোদ্ধোদের নাম সহজেই খুজে পাওয়ার জন্য ২০১৬-১৭ অর্থবৎসরে ১টি এপ্লিকেশন সফ্টওয়ার তৈরী করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | এপ্লিকেশন সফ্টওয়ার তৈরীর মাধ্যমে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.১] মুক্তিযুদ্ধের স্মৃতি / স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.১.১] জাদুঘর দর্শনার্থী | মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের জন্য ১৯৯৬ সালে মুক্তিযুদ্ধ জাদুঘর প্রতিষ্ঠিত হয়। বিগত ৩ বৎসরে প্রায় ১০৮০০০ জন দর্শনার্থী মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শন করেছেন। তাঁদেরকে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে অবহিত করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ২৯০০০ জন দর্শনার্থীর মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে । | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| | [২.১.২] নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | মুক্তিযুদ্ধ জাদুঘর কর্তৃক গত ৩ বৎসরে ৮ টি ডকুমেন্টারি ফিল্ম নির্মাণ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে আরো ৩টি ডকুমেন্টারি ফিল্ম নির্মাণ করার লক্ষমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে । | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] মুক্তিযুদ্ধের স্মৃতি চিহ্ন প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.২.১] মিরপুর জল্লাদখানা বধ্যভূমি দর্শনার্থী | ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে মিরপুর পাম্প হাউসে ইতিহাসের জঘন্যতম গণহত্যা সংঘটিত হয়। উক্তস্থানটি "মিরপুর জল্লাদখানা বধ্যভূমি" নামে পরিচিত । গত ৩ বৎসরে প্রায় ৬৯ হাজার দর্শনার্থী স্থানটি পরিদর্শন করেছেন। তাঁদেরকে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে অবহিত করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ৫২০০০ জন দর্শনার্থীর মিরপুর জল্লাদখানা বধ্যভূমি পরিদর্শন করার লক্ষমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে । | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] নতুন প্রজন্মের শিক্ষার্থী ও অন্যান্য দর্শকের নিকট মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামান্যচিত্র প্রদর্শনী ও নির্মাণ। | [৩.১.১] প্রামান্যচিত্র দর্শক | বিগত ৩ বৎসরে দেশব্যাপী ২৫৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামান্যচিত্র প্রদর্শন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ৮০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামান্যচিত্র প্রদর্শন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.১.২] ভ্রাম্যমান জাদুঘর দর্শক | বিগত ৩ বৎসরে দেশব্যাপী ২৫৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভ্রাম্যমান জাদুঘর প্রদর্শন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থবৎসরে ৮০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভ্রাম্যমান জাদুঘর প্রদর্শন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.২] নতুন প্রজন্মের জন্য মুক্তির উৎসবের আয়োজন | [৩.২.১] অংশগ্রহণকারী শিক্ষার্থী | শিক্ষার্থীদের দেশ গড়ার শপথে উদ্বুদ্ধ করার লক্ষ্যে মুক্তিযুদ্ধ জাদুঘর গত ৩ বৎসরে ৩টি মুক্তির উৎসবের আয়োজন করে। এতে প্রায় ৩০ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে। ২০১৬-১৭ অর্থবৎসরে ১০০০০ শিক্ষার্থীর মুক্তির উৎসবে অংশগ্রহন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৩] জেলা ও বিভাগীয় শিক্ষক সম্মেলন আয়োজন | [৩.৩.১] অংশগ্রহণকারী শিক্ষক | মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা জাগরন এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণার্থে মুক্তিযুদ্ধ জাদুঘর বিগত ৩ বছরে ১২ টি শিক্ষক সম্মেলন করে। এতে প্রায় ৪৫০ জন শিক্ষক অংশগ্রহণ করেন এবং ৫ টি বিভাগীয় সম্মেলনে প্রায় ১০০০ জন শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ২০১৬-১৭ অর্থবৎসরে ৪ টি শিক্ষক সম্মেলন ও ২টি বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থী সম্মেলন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৪] জাতীয় ও আর্ন্তজাতিক সেমিনার/ ওয়ার্কসপআয়োজন | [৩.৪.১] অংশগ্রহণকারী | মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা জাগরন এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণার্থে মুক্তিযুদ্ধ জাদুঘর বিগত ৩ বছরে ১২ টি শিক্ষক সম্মেলন করে। এতে প্রায় ৪৫০ জন শিক্ষক অংশগ্রহণ করেন এবং ৫ টি বিভাগীয় সম্মেলনে প্রায় ১০০০ জন শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ২০১৬-১৭ অর্থবৎসরে ৪ টি শিক্ষক সম্মেলন ও ২টি বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থী সম্মেলন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ জাদুঘর | মুক্তিযুদ্ধ জাদুঘর হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৫] মুক্তিযুদ্ধভিত্তিক সংগঠনসমূহের নিবন্ধন ও পরিবীক্ষণ এবং পরিদর্শন। | [৩.৫.১] নিবন্ধিত ও পরিবীক্ষিত সংগঠন | জাতীয় মুক্তিযুদ্ধ কাউন্সিল কর্তৃক গত বৎসরে ২০টি মুক্তিযুদ্ধভিত্তিক সংগঠনসমূহের নিবন্ধন ও পরিবীক্ষণ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বৎসরে ২৫ টি মুক্তিযুদ্ধভিত্তিক সংগঠনসমূহের নিবন্ধন ও পরিবীক্ষণ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| | [৩.৫.২] পরিদর্শিত নিবন্ধিত সমিতি | জাতীয় মুক্তিযুদ্ধ কাউন্সিল কর্তৃক গত বৎসরে ৩০টি মুক্তিযুদ্ধভিত্তিক নিবন্ধিত সমিতি পরিদর্শন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বৎসরে ৪০ টি মুক্তিযুদ্ধভিত্তিক নিবন্ধিত সমিতি পরিদর্শন করার লক্ষ্যমাত্রা রয়েছে। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে প্রাপ্ত প্রতিবেদন সংকলন করে। | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | জেলা ও উপজেলা প্রশাসন | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরন নীতিমালা,২০১৩ অনুযায়ী ভাতা বিতরণযোগ্য মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণ ও সুষ্ঠুভাবে ভাতা বিতরণ। | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরন নীতিমালা,২০১৩ অনুযায়ী জেলা ও উপজেলা প্রশাসন ভাতা বিতরনযোগ্য মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণ ও সুষ্ঠুভাবে ভাতা বিতরণের দায়িত্ব পালন করে থাকে বিধায় জেলা ও উপজেলা প্রশাসনের নিকট এরুপ চাহিদার /প্রত্যাশার যৌক্তিকতা। | ভাতা প্রদানে অনিশ্চয়তা দেখা দেবে। |
| বিভাগ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরন নীতিমালা,২০১৩ অনুযায়ী মুক্তিযোদ্ধাদের বরাদ্দকৃত ভাতার অর্থ সুষ্ঠুভাবে বিতরণ। | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরন নীতিমালা,২০১৩ অনুযায়ী মুক্তিযোদ্ধাদের বরাদ্দকৃত ভাতার অর্থ রাষ্ট্রায়াত্ত ব্যাংক বিতরন করে থাকে। যেহেতু রাষ্ট্রায়াত্ত ব্যাংকসমূহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সরাসরি নিয়ন্ত্রন করে থাকে সেহেতু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নিকট পরোক্ষভাবে এরুপ চাহিদার /প্রত্যাশার যৌক্তিকতা। | সম্মানী ভাতা সুষ্ঠুভাবে বিতরণে অনিশ্চয়তা দেখা দেবে। |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | নির্মিত বাসস্থান ,নির্মিত জেলা কমপ্লেক্স ভবন | ডিপিপি অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন | এলজিইডি কর্তৃক কর্মসম্পাদন সূচকটি বাস্তবায়িত হয়ে থাকে বিধায় স্থানীয় সরকার বিভাগ-এর নিকট পরোক্ষভাবে এরুপ চাহিদার /প্রত্যাশার যৌক্তিকতা। | অস্বচ্ছল ও ভূমিহীন মুক্তিযোদ্ধা এবং তাদের পরিবারের সদস্যদের বসবাসে বিঘ্ন সৃষ্টি হবে। |
| মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নির্মিত জেলা কমপ্লেক্স ভবন | ডিপিপি অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন | গনপূর্ত অধিদপ্তর কর্তৃক কর্মসম্পাদন সূচকটি বাস্তবায়িত হয়ে থাকে বিধায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর নিকট নিকট পরোক্ষভাবে এরুপ চাহিদার /প্রত্যাশার যৌক্তিকতা। | মুক্তিযোদ্ধাদের কল্যাণ বিঘ্নিত হবে। |
| বিভাগ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | মুক্তিযোদ্ধা ও তাঁদের সন্তান-সন্ততিদের মাঝে আত্মকর্মসংস্থানের জন্য নীতিমালা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বিতরণ | এ মন্ত্রণালয়ের সাথে বিআরডিবির মুক্তিযোদ্ধা ও তাঁদের সন্তান-সন্ততিদের মাঝে আত্মকর্মসংস্থানের জন্য নীতিমালা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বিতরণের সমঝোতা স্মারক সম্পাদিত হয়েছে। যেহেতু সমঝোতা স্মারকবলে বিআরডিবি কর্তৃক কর্মসম্পাদন সূচকটি বাস্তবায়িত হয়ে থাকে সেহেতু পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-এর নিকট পরোক্ষভাবে এরুপ চাহিদার /প্রত্যাশার যৌক্তিকতা। | মুক্তিযোদ্ধা ও তাঁদের সন্তান-সন্ততিদের আত্মকর্মসংস্থানের বিঘ্ন সৃষ্টি হবে। |
| মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বীর মুক্তিযোদ্ধাদের সম্সমানী ভাতা বিতরন নীতিমালার,২০১৩ অনুযায়ী ভাতাবিতরণযোগ্য মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণ ও সুষ্ঠুভাবে ভাতা বিতরণ। | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরন নীতিমালা,২০১৩ অনুযায়ী সমাজসেবা অধিদপ্তর কর্তৃক কর্মসম্পাদন সূচকটি বাস্তবায়িত হয়ে থাকে বিধায় সমাজকল্যাণ মন্ত্রণালযের নিকট পরোক্ষভাবে এরুপ চাহিদার /প্রত্যাশার যৌক্তিকতা। | ভাতা প্রদানে অনিশ্চয়তা দেখা দেবে। |